



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা বিষয়ক অধিদপ্তর

৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ)

প্রশিক্ষণ প্রকল্প

<http://www.dwa.gov.bd>

শেখ হাসিনার বারতা

নারী-পুরুষ সমতা



নম্বর ৩২.০১.০০০০.০০০.২৯.০৬৫.১৮-১২৫

তারিখ: ৪ আশ্বিন ১৪২৯

১৯ সেপ্টেম্বর ২০২২

প্রশিক্ষণার্থীর ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়) মটর ড্রাইভিং ট্রেডের মহিলাদের বিনামূল্যে প্রশিক্ষণ নিমিত্ত অনলাইনে আবেদন প্রসঙ্গে।

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” শীর্ষক প্রকল্পের অধীনে ৮ টি বিভাগীয় শহর (রাজশাহী বিভাগের পাবনা জেলায়) (২১-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ০১ অক্টোবর ২০২২ হতে ৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত (৫ম ব্যাচ) অনুষ্ঠিতব্য প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য Online-এ আবেদনপত্র আহ্বান করা হচ্ছেঃ-

ট্রেডের নাম	প্রশিক্ষণের স্থান	প্রশিক্ষণের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
মটর ড্রাইভিং	৭টি বিভাগীয় শহরে এবং রাজশাহী বিভাগের পাবনা জেলায়।	৩ মাস মেয়াদী ৬০ দিন ব্যাপী	প্রতি ব্যাচে ৩০ জন	২১-৪৫ বৎসর	১। ন্যূনতম এসএসসি পাশ হতে হবে। ২। মানসিক ও শারীরিকভাবে সুস্থ হতে হবে।

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী মহিলাদেরকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

(ক) **Online** - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ২০/০৯/২০২২ খ্রি: সকাল -০৯.০০ টা হতে ২৮/০৯/২০২২ খ্রি: বিকাল-৫.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF কপি আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।

- (খ) বিভাগীয় আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৯/০৯/২০২২খ্রি: বিকাল-৩.০০ টা।
- (গ) এছাড়াও প্রশিক্ষণার্থীর ভর্তির সংক্রান্ত অন্যান্য শর্তাবলি প্রকল্পের ওয়েবসাইট-(iga.dwa.gov.bd) তে পাওয়া যাবে।



১৯-৯-২০২২

মোঃ তারিকুল আলম

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫১৩৮১২৭

ইমেইল:

igaprojectbd@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপ প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর
- ২) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ময়মনসিংহ
- ৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর
- ৪) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম
- ৫) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বরিশাল
- ৬) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা
- ৭) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
- ৮) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পাবনা